

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৬২

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পুরুষ ও নারীর একই পাত্র থেকে উয়ু করা।

باب مَا جَاءَ فِي وُضُوءِ الرَّجُلِ وَالْمَرْأَةِ مِنْ إِنَاءٍ وَاحِدٍ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ أَبِي الشَّعَثَاءِ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ حَدَّثَنِي مَيْمُونَةُ، قَالَتْ كُنْتُ أُغْتَسِلُ أَنَا وَرَسُولُ اللَّهِ، صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ إِنَاءٍ وَاحِدٍ مِنَ الْجَنَابَةِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلُ عَامَّةِ الْفُقَهَاءِ أَنْ لَا بَأْسَ أَنْ يَغْتَسِلَ الرَّجُلُ وَالْمَرْأَةُ مِنْ إِنَاءٍ وَاحِدٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَعَائِشَةَ وَأَنْسٍ وَأُمِّ هَانِيٍّ وَأُمِّ صَبِيَّةِ الْجُهَنِيَّةِ وَأُمِّ سَلَمَةَ وَابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى وَأَبُو الشَّعَثَاءِ اسْمُهُ جَابِرُ بْنُ زَيْدٍ .

বাংলা

৬২. ইবনু আবী উমর (রহঃ) ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেন মায়মূনা রাদিয়াল্লাহু আনহু আমাকে বলেছেন আমি এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই পাত্র থেকে পানি দিয়ে (ফরয) গোসল করেছি। - বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৬২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা তিরমিযী (রহঃ) বলেন এই হাদিসটি হাসান-সহীহ। সাধারণভাবে ফকীহগণের সকলেরই অভিমত এই যে, একই পাত্র থেকে পানি নিয়ে স্বামী ও স্ত্রী গোসল করায় কোন দোষ নেই। এই বিষয়ে আলী, আইশা, আনাস, উম্মু হানী, উম্মু সুবাইয়া আল-জাহানিয়া, উম্মু সালমা ও ইবনু উমর (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবু ইসা তিরমিযী বলেনঃ রাবী আবুশ শা'ছা এর নাম হল জাবির ইবনু যায়দ।

English

Maimunah said:

"I and Allah's Messenger would perform Ghusl for Janabah from one vessel."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16385>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন